



## মার্কিন এমকিউ-৯ ড্রোন ধ্বংসের দাবি আইআরজিসির



সংগৃহীত ছবি

যুদ্ধবিরতির উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যেই যুক্তরাষ্ট্রের একটি অত্যাধুনিক ‘এমকিউ-৯ রিপার’ ড্রোন গুলি করে ভূপাতিত করার দাবি করেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। তেহরানের অভিযোগ, ড্রোনটি ইরানের আকাশসীমায় প্রবেশ করেছিল।

মঙ্গলবার (২৬ মে) দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। আইআরজিসি বলেছে, যুদ্ধবিরতি ভঙ্গ করে যেকোনো ধরনের সামরিক তৎপরতার জবাবে কঠোর প্রতিক্রিয়া জানানোর অধিকার ইরানের রয়েছে।

এদিকে এই ঘটনার কয়েক ঘণ্টা আগেই দক্ষিণ ইরানে বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় মার্কিন সামরিক বাহিনী। যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, নিজেদের বাহিনীর নিরাপত্তা নিশ্চিত করতেই এই হামলা চালানো হয়েছে।

সেন্টকমের মুখপাত্র ক্যাপ্টেন টিম হকিন্স এক বিবৃতিতে বলেন, ইরানি বাহিনীর সম্ভাব্য ছমকি মোকাবিলায় আত্মরক্ষামূলক পদক্ষেপ নেওয়া হয়েছে। তার দাবি, হামলায় ইরানের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র ও মাইন স্থাপনে ব্যবহৃত কয়েকটি স্পিডবোট লক্ষ্যবস্তু করা হয়।